

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৯০

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি সুন্দর কথা বলে এবং সালাম প্রদান করে, তার জন্য জান্নাত অবধারিত হয়ে যায়

ذِكْرُ إِيجَابِ الْجَنَّةِ لِمَنْ حسَّن كَلَامُهُ وَبَذَلَ سلامه

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ التَّقَفِيُّ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ الْمِقْدَامِ بْنِ شُرَيْحٍ عَنْ أَبِيهِ الْمِقْدَامِ عَنْ أَبِيهِ شُرَيْحٍ: عَنْ أَبِيهِ هَانِئٍ أَنَّهُ قَالَ: (يَا رَسُولَ اللَّهِ أَخْبِرْنِي بِشَيْءٍ يُوجِبُ لِيَ الْجَنَّةَ قَالَ: (عَلَيْكَ بحُسن الْكَلَامِ وَبَذْلِ السَّلَامِ.)

الراوي: هَانِئ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 490 | خلاصة حكم المحدث: صحيح .

বাংলা

৪৯০. হানী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাকে এমন একটি আমল সম্পর্কে বলুন, যা আমার জন্য জান্নাত অবধারিত করে দিবে।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তোমার জন্য আবশ্যক হলো সুন্দর কথা বলা এবং সালাম প্রদান করা।"[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৫১৯; আদাবুল মুফরাদ: ৮১১; তাবারানী আল কাবীর: ২২/৪৭০; হাকিম: ১/২৩; আত তায়ালিসী আল কাবীর: ২২/৪৬৭, ৪৬৮; মুসনাদুশ শিহাব: ১১৪০; মাজমাণ্ট্য যাওয়াইদ: ৮/২৯।

হাদীসটির সানাদকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৯৩৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উম্মু হানী বিনতু আবূ তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন